

অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে ক্যাম্বেলটাউন এলাকার নব

নির্বাচিত এম. পি **Bryan DOYLE** কে সংস্কার

আতিকুর রহমান॥ সম্প্রতি নিউ সাউথ ওয়েলস পার্লামেন্ট নির্বাচনে ক্যাম্বেলটাউন এলাকা থেকে লিবারেল পার্টির প্রার্থী Bryan Michael DOYLE নির্বাচিত হয়েছেন। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার গত ১৪ মে ২০১১ তারিখে ক্রয়কৃত নতুন ভবনে নবনির্বাচিত স্ট্রেট সংসদ সদস্য Bryan DOYLE কে সংস্কার প্রদান করে এবং কমিউনিটির বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করে। সংস্কার সভায় ক্যাম্বেলটাউন এলাকার প্রচুর গনমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোফাজ্জল ভূঁইয়া। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। শুরুতেই সংগঠনের সভাপতি মোফাজ্জল ভূঁইয়া Bryan DOYLE কে শুভেচ্ছাস্বরূপ ক্রেস্ট প্রদান করেন। স্বাগত বক্তব্যে ড. আফছার অত্র এলাকা থেকে নির্বাচিত এম. পি Bryan DOYLE কে অভিনন্দন জানান এবং অত্র এলাকায় বর্তমান ও নতুন প্রজন্মের জন্য নামাজ পড়ার স্থান, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়াম, সুইমিং পুল সহ মাল্টি পারপাস সেন্টার প্রতিষ্ঠার জন্য অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের প্রস্তাবিত প্রজেক্ট বিস্তারিতভাবে তুলে ধরেন এবং সহায়তা কামনা করেন। Bryan DOYLE সংস্কারের জন্য বাংলাদেশী কমিউনিটির সকলকে ধন্যবাদ জানান এবং বর্তমান কোয়ালিশন সরকারের বিভিন্ন কমিউনিটি ভিত্তিক কার্যক্রম তুলে ধরেন। সেন্টার প্রতিষ্ঠার সম্ভাব্য সকল সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করেন। Bryan DOYLE কে আগত অতিথিরা অত্র এলাকায় বিদ্যমান বিভিন্ন সমস্যা বিশেষ করে আইন শৃংখলা অবনতি, কমিউনিটির বিভিন্ন উন্নয়ন ভিত্তিক কার্যক্রম প্রসঙ্গে প্রশ্ন করেন। Bryan DOYLE বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করার প্রতিশ্রুতি দেন। সংস্কার সভা শেষে অতিথিদের আপ্যায়ন করা হয়। সম্প্রতি সংগঠন 13-17 Eagleview Road, Minto তে ৫ একর বিশিষ্ট জমি ইসলামিক সেন্টার প্রতিষ্ঠার জন্যে (City Council এর অনুমোদন সাপেক্ষে) ক্রয় করেছে এবং জমিটি অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার এর নামে রেজিস্ট্রি করেছে। কোন ট্রাস্ট বোর্ড প্রতিষ্ঠা করে নাই।

